# Times Today BD

আজিজুল ইসলাম বারী | জেলার খবর | 17 April, 2025

লালমনিরহাটের কালীগঞ্জ উপজেলার ভোটমারি ইউনিয়নের চরশৌলমারিতে ষষ্ঠ শ্রেণি পড়ুয়া জান্নাতি (১৩) নামের এক ছাত্রীকে বাড়ি থেকে তুলে নিয়ে হত্যা করা হয়েছে।ভুক্তভোগী ওই এলাকার ফজু মিয়ার মেয়ে।

এলাকাবাসী, পরিবার ও পুলিশ জানিয়েছে, বুধবার (১৬ এপ্রিল) ৬-৭ জনের একটি সংঘবদ্ধ দুর্বৃত্ত দল তাকে রান্না ঘর থেকে তুলে নিয়ে হত্যার পর বাড়ির পাশের ভুট্টা ক্ষেতে ফেলে রাখে। এ সময় তার দুই হাত, একটি পা ভাঙা ছিল।মুখে মাটি ঢুকিয়ে শ্বাসরোধ করা হয়েছে।

এলাকাবাসীর ধারণা, হত্যার আগে ধর্ষণ বা ধর্ষণচেষ্টা করা হতে পারে।এই ঘটনায় কালীগঞ্জ থানা পুলিশ সন্দেহভাজন একজনকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করেছে।

বাবা ফজু মিয়া ও মা জানান, সন্ধ্যার সময় চুলায় রান্না চড়িয়ে জান্নাতিকে রান্না ঘরে রেখে একই গ্রামের নানার বাড়িতে গিয়েছিলেন তারা।সেখান থেকে আসার পর রান্নাঘরে মেয়েকে দেখতে না পেয়ে আশপাশে খোঁজ করেন।এমন সময় বাড়ির একটু দূরে থাকা ভুট্টাক্ষেতে কিছু একটার শব্দ শুনে গিয়ে মেয়ের লাশ দেখতে পান।

খবর পেয়ে কালীগঞ্জ থানা পুলিশ ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে থানায় নিয়ে আসে।ওই গ্রামের সন্দেহজনক একজনকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করে।

কালীগঞ্জ থানার ওসি সেলিম মালিক বলেন, লাশ থানায় নিয়ে আসা হয়েছে।জিজ্ঞাসাবাদের জন্য একজনকে আটক করা হয়েছে।

লালমনিরহাট শিক্ষার্থী ভুট্টা ক্ষেত

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:29

URL: https://timestodaybd.com/countrywide/814305945